# Ujagar- Kabita – Short – Durer haoa – Ajit Bairi

উজাগর - দূরের হাওয়া - অজিত আইরী

দূরের হাওয়া, তুমি চেনো অতীত ;
বিস্মৃত নগরীর ধুলো -ওড়া পথ -
কোন্ পথে গিয়েছিল দুর্ধর্ষ অশ্বারোহী,
অশ্বের খুরে খুরে উড়েছিল ধুলো।

দূরের হাওয়া, তুমি জানো, মুষলবৃষ্টি
ভিজিয়েছিল কবুতরের মতো সাদা বাড়ি ;
পাখির পাখার মতো শার্সি দুটি
নিঃশব্দ খুলে নিঃশব্দ বন্ধ হয়ে গিয়েছিল।

দূরের হাওয়া, দিগন্তগামী কথা বলো,
সারাদিন সঙ্গী ছিল অ্যালবট্রস্, মাস্তুল
ঘিরে তার অফুরাণ উড়ান, তারপর শান্ত ডানা
স্থির হয়ে গিয়েছিল কোন্ নক্ষত্রের বুকে!

দূরের হাওয়া, বহুদিন ছুঁইনি তার মুখশ্রী ;
দূরের হাওয়া, বলো, সে আজও কেমন আছে